

# যুগান্তর

## নোবিপ্রবি'র প্রতিষ্ঠাবার্ষিকীতে বর্ণাঢ্য র্যালি

প্রকাশ : ১৬ জুলাই ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



নোয়াখালী প্রতিনিধি

বর্ণিল আয়োজনের মধ্য দিয়ে সোমবার নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ১৮তম প্রতিষ্ঠাবার্ষিকী ও বিশ্ববিদ্যালয় দিবস পালিত হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক মোমিনুল হক জানান, এ উপলক্ষে সকাল ১০টায় বর্ণাঢ্য র্যালি শেষে বিশ্ববিদ্যালয়ের মুক্তিযোদ্ধা হাজী ইদ্রিছ মিলনায়তনে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান হয়।

বিশ্ববিদ্যালয়ের ভিসি ড. দিদারুল আলমের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন সংসদ সদস্য একরামুল করিম চৌধুরী। আলোচনা করেন সাবেক ভিসি ড. ছায়েদুল হক চৌধুরী, প্রো-ভিসি ড. আবুল হোসেন, ট্রেজারার ড. মো. ফারুক উদ্দিন, শিক্ষক সমিতির সভাপতি ড. কাজী মো. মহসীন, প্রশাসক (সার্বিক) আবু ইউছুফ প্রমুখ।

সভাপতির বক্তব্যে ভিসি ড. দিদারুল আলম বলেন, দেশের অন্যতম সমস্যা মাদক। ইতিমধ্যে প্রধানমন্ত্রী এ ব্যাপারে জিরো টলারেন্সের কথা ঘোষণা করেছেন। ছাত্রদের মাদক থেকে ফিরতে হলে নিয়মিত লেখাপড়া ও ক্লাসে উপস্থিতি নিশ্চিত করতে হবে। আর এ দায়িত্ব নিতে হবে শিক্ষকদেরই। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক মোমিনুল হক।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।